চাচার জানাজায় না গিয়ে আপন ভাতিজিকে ধর্ষণের পর হত্যা

নাটোরের সিংড়ায় রেশমি খাতুন নামে এক কলেজছাত্রীকে ধর্ষণের পর শ্বাসরোধ করে হত্যা করেছে তার আপন চাচা। রবিবার বেলা ২ টার দিকে সিংড়া উপজেলার ইটালী ইউনিয়নের দেওগাছা গ্রামে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় চাচা শাহাদৎ হোসেনকে আ’টক করে পুলিশে সোপর্দ করে এলাকাবাসী। কলেজছাত্রী রেশমি খাতুন স্থানীয় বামিহাল অনার্স কলেজের এইচএসসির দ্বিতীয় বর্ষের ছাত্রী এবং দেওগাছা গ্রামের আব্দুর রাজ্জাকের মেয়ে।

পুলিশ ও এলাকাবাসীরা জানায়, উপজেলার পাকুরিয়া গ্রামে রেশমি খাতুনের দাদা মারা যায়। বাড়ির সবাই সেই জানাযায় যাওয়ায় রেশমি বাড়িতে একা থাকে। এ সুযোগে আপন চাচা শাহাদৎ তাকে ধ’র্ষণ শেষে শ্বাসরোধ করে হ’ত্যা করে। পরে এলাকাবাসী শাহাদৎ হোসেনকে আ’টক করে পুলিশ খবর দেয়। পরে পুলিশ গিয়ে ম’রদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য নাটোর সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

মেয়ের মা সোনা ভানুর অভিযোগ, তার মেয়েকে ধর্ষণ করা হয়েছে। শাহাদৎ হোসেন মাদকাসক্ত হওয়ায় নিজ বাড়ি ছেড়ে ভাইয়ের কাছে থাকে।

ঘটনার সত্যতা স্বীকার করে সিংড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনিরুল ইসলাম জানান, রেশমি খাতুনকে শ্বা’সরোধ করে হ’ত্যা করা হয়েছে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তদন্তে ঘটনার রহস্য বেরিয়ে আসবে।